গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী

১৪ আগস্ট ২০২৫ বৃহস্পতিবার

# শোক বার্তা

গভীর দুঃখের সাথে জানাই যে, এই শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তন কৃতী ছাত্র এবং বর্তমানে আমেরিকা প্রবাসি আমাদের অতি আপনজন সুলতান আহমাদ গতকাল ১৩ আগস্ট ২০২৫ বুধবার সন্ধ্যা আনুমানিক ৮.৩০টায় বার্ধক্য এবং কিডনিজনিত বিভিন্ন শারীরিক অসুস্থতায় ভুগে মৃত্যুবরণ করেছেন।
ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহি রাজিউন।
মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর। মরহুম সুলতান আহমাদ ২ জানুয়ারি ১৯৩৭ খ্রিস্টাব্দে রাজশাহী মহানগরির মিরের চক মহল্লায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। আশৈশব মেধাবি সুলতান আহমাদ এই বিদ্যালয়ে ১৯৪৫ সালে তৃতীয় শ্রেণিতে ভর্তি হন। এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে তিনি ১৯৫৩ সালে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় [বর্তমানে এসএসসি পরীক্ষা] দ্বিতীয় স্থান অধিকার করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে তিনি অর্থনীতিতে উচ্চ শিক্ষা গ্রহণ করেন এবং পরে লন্ডনে এমএস ও আমেরিকায় পিএইচডি লাভ করেন। তিনি বিশ্বব্যাংকে দীর্ঘদিন গুরুত্বপূর্ণ পদে দায়িত্বপালন করেন। পরিবার-পরিজনসহ আমেরিকায় ওয়াশিংটন ডিসিতে স্থায়ীভাবে বসবাস করছিলেন।
মেধাবি, মানবিক, মহানুভব এই মানুষটির শিক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি ছিল গভীর অনুরাগ। এই বিদ্যায়তনের আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবি শিক্ষার্থীদের জন্য 'ড. সুলতান আহমাদ স্টুডেন্টস স্কলারশিপ' নামে তিনি এক লক্ষ টাকার দুইটি এবং ছয় লক্ষ পঞ্চাশ হাজার টাকার অপর একটিসহ মোট তিনটি স্কলারশিপ প্রবর্তন করেন। এছাড়াও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগে স্কলারশিপ চালুসহ নিজ এলাকা মিরের চকে জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে অনেক অবদান রেখেছেন।
মরহুম সুলতান আহমাদের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। মহান আল্লাহপাকের দরবারে মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি।
আজ বা'দ যোহর এই প্রতিষ্ঠানের জা'মি মসজিদে মরহুমের জন্য বিশেষ দু'আ করা হবে।
আমিন।।

১৪.৮.২৫

মো. মোস্তাক হাবিব
প্রধান শিক্ষক
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী